ডুজা সাংবাদিকদের ওপর হামলার প্রতিবাদে গবিসাসের মানববন্ধন



ছবি: প্রতিনিধি

পেশাগত দায়িত্ব পালনের সময় ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি (ডুজা)-এর সদস্যদের ওপর ছাত্রদলের হামলার প্রতিবাদে মানববন্ধন কর্মসূচি পালন করেছে গণ বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতি (গবিসাস)।

রবিবার (২৬ এপ্রিল) দুপুর ১টা ৩০ মিনিটে বিশ্ববিদ্যালয়ের প্রধান ফটকের সামনে এই মানববন্ধন অনুষ্ঠিত হয়।

সাংবাদিকদের ওপর হামলার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে গবিসাসের যুগ্ম সাধারণ সম্পাদক মাহিদুজ্জামান সিয়াম বলেন, ডুজার দায়িত্বপ্রাপ্ত সাংবাদিকরা ভিডিও ধারণ ও সংবাদ সংগ্রহের কাজ করছিলেন। এ সময় তাদের কাজে বাধা দেওয়া হলেও তারা তা উপেক্ষা করলে ছাত্রদলের নেতাকর্মীরা হামলা চালায়। ৫ আগস্টের পর আমরা একটি স্বাধীন, সার্বভৌম ও বাকস্বাধীন রাষ্ট্র প্রত্যাশা করেছিলাম। ডুজার ওপর এই আকস্মিক হামলায় আমরা গভীর উদ্বেগ প্রকাশ করছি এবং এর তীব্র নিন্দা জানাচ্ছি।

হামলার প্রসঙ্গ টেনে গবিসাসের সভাপতি মোজাহিদুল ইসলাম নিরব বলেন, প্রতিটি ক্যাম্পাসে সুষ্ঠু ও শিক্ষাবান্ধব পরিবেশ নিশ্চিত করতে হবে। রাজনৈতিক অস্থিরতা দূর করা জরুরি। সাংবাদিকরা রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ—তাদের নিরাপত্তা ও স্বাধীনতা নিশ্চিত করে সহাবস্থানের পরিবেশ গড়ে তুলতে হবে। পাশাপাশি হামলাকারীদের দৃষ্টান্তমূলক শাস্তির মাধ্যমে এমন নজির তৈরি করতে হবে, যাতে ভবিষ্যতে কেউ সাংবাদিকদের ওপর এ ধরনের হামলা চালাতে সাহস না পায়।

এ সময় গবিসাসের নেতৃবৃন্দসহ বিশ্ববিদ্যালয়ের সাধারণ শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।